দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ... ২

Sep. 07

# উখিয়া কলেজে সংঘর্ষের জের ॥ ছাত্র রাজনীতি বন্ধ

**স্টাফ রিপোর্টার, কক্সবাজার** ॥ সীমান্ত উপজেলা উখিয়া ডিগ্রী কলেজে বৃহস্পতিবার ছাত্রশিবির ও ছাত্র দলের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়ার পর কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। কলেজ ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। কলেজ ক্যাম্পাসে আধিপত্য নিয়ে জোট সরকারের দুই শরিক দলের অঙ্গসংগঠন দু'টি কিছুদিন ধরে ক্যাম্পাসে সক্রিয় রয়েছে। বৃহস্পতিবার চিকা মারার ঘটনা নিয়ে জোটভুক্ত ছাত্র সংগঠনের কর্মীরা একে অপর দলের কর্মীদের ধাওয়া ও পাল্টাধাওয়া করে। এ সময় কলেজের জানালা ভাংচুর হয়। পরে কলেজ পরিচালনা কমিটির সভাপতি স্থানীয় এমপি শাহজাহান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। দুই সংগঠনের কর্মীদের মধ্যে উত্তেজনা রয়েছে।